

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, অক্টোবর ১৪, ২০১৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বাণিজ্য মন্ত্রণালয়

প্রজ্ঞাপন

তারিখ, ২৭ আশ্বিন ১৪২২ বঙ্গাব্দ/১২ অক্টোবর ২০১৫ খ্রিস্টাব্দ

এস, আর, ও নং ৩০৫-আইন/২০১৫।—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১৩৩ অনুচ্ছেদের শর্তাংশে প্রদত্ত ক্ষমতাবলে রাষ্ট্রপতি, উক্ত সংবিধানের ১৪০ (২) অনুচ্ছেদের বিধান মোতাবেক বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের সহিত পরামর্শক্রমে যৌথমূলধন কোম্পানী ও ফার্মসমূহের পরিদপ্তরের (কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০১১ নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথাঃ—

উপরি-উক্ত বিধিমালার তফসিলের—

(ক) ক্রমিক নং (২) ও উহার বিপরীতে উল্লিখিত এন্ট্রিসমূহের পরিবর্তে নিম্নরূপ ক্রমিক নং (২) এবং উহার বিপরীতে নিম্নরূপ এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথাঃ—

| | | | |
|----------------------------|---|---|--|
| “(২) ডেপুটি রেজিস্ট্রার | - | পদোন্নতির মাধ্যমেঃ তবে শর্ত থাকে যে, পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে বদলীর মাধ্যমে। | পদোন্নতির ক্ষেত্রেঃ সহকারী রেজিস্ট্রার পদে অনূন ৫ (পাঁচ) বৎসরের চাকুরি। প্রেষণের ক্ষেত্রেঃ সম পদমর্যাদাসম্পন্ন সরকারি কর্মকর্তা।” |
|----------------------------|---|---|--|

(৮৩৪৩)

মূল্য ৪ টাকা ৪.০০

(খ) ক্রমিক নং (৪), (৫) ও (৬) এবং উহাদের বিপরীতে উল্লিখিত এন্ট্রিসমূহের পরিবর্তে নিম্নরূপ ক্রমিক নং (৪), (৫) ও (৬) এবং উহাদের বিপরীতে নিম্নরূপ এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথাঃ—

| | | | |
|----------------------------|------------|--|---|
| “(৪) সহকারী রেজিস্ট্রার | ৩০ বৎসর | (ক) ৭৫% পদ পদোন্নতির মাধ্যমে; এবং (খ) ২৫% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে; তবে শর্ত থাকে যে, পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে, শূন্য পদসমূহ সরাসরি নিয়োগের মাধ্যমে পূরণ করা যাইবে। | পদোন্নতির ক্ষেত্রেঃ (ক) এক্সামিনার অব একাউন্টস বা ইন্সপেক্টর পদে অনূন ৭ (সাত) বৎসরের চাকুরি; এবং (খ) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অনূন স্নাতক বা সমমানের ডিগ্রী; অথবা (গ) এক্সামিনার অব একাউন্টস বা ইন্সপেক্টর পদে অনূন ১২ (বার) বৎসরের চাকুরি; এবং (ঘ) কোন স্বীকৃত বোর্ড হইতে অনূন উচ্চমাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
|----------------------------|------------|--|---|

সরাসরি নিয়োগের ক্ষেত্রেঃ

- (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে
অনূন প্রথম শ্রেণি বা সমমানের
সিজিপিএ তে স্নাতকোত্তর বা
সমমানের ডিগ্রী; অথবা
- (খ) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে
অনূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের
সিজিপিএ তে স্নাতক (সম্মান)
ডিগ্রীসহ দ্বিতীয় শ্রেণি বা
সমমানের সিজিপিএ তে
স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রী;
অথবা
- (গ) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে
অনূন ৪ (চার) বৎসর মেয়াদী
দ্বিতীয় শ্রেণি বা সমমানের
সিজিপিএ তে স্নাতক (সম্মান) বা
সমমানের ডিগ্রী।

| | | | |
|----------------------------------|------------|--|---|
| (৫) এক্সামিনার অব একাউন্টস | ৩০ বৎসর | (ক) ২০% পদ পদোন্নতির মাধ্যমে; এবং | <u>পদোন্নতির ক্ষেত্রেঃ</u> |
| | | (খ) ৮০% পদ সরাসরি নিয়োগের মাধ্যমেঃ তবে শর্ত থাকে যে, পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে, শূন্য পদসমূহ সরাসরি নিয়োগের মাধ্যমে পূরণ করা যাইবে। | (ক) প্রধান সহকারী, উচ্চমান সহকারী, একাউন্টেন্ট বা সাঁটলিপিকার- কাম-কম্পিউটার অপারেটর পদে অন্যন ৭ (সাত) বৎসরের চাকুরি; এবং (খ) কোন স্বীকৃত বোর্ড হইতে অন্যন উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। <u>সরাসরি নিয়োগের ক্ষেত্রেঃ</u> কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বাণিজ্য বিভাগে অন্যন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ তে স্নাতক বা সমমানের ডিগ্রী; অথবা স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রী। |
| (৬) ইন্সপেক্টর | ৩০ বৎসর | (ক) ৫০% পদ পদোন্নতির মাধ্যমে; এবং | <u>পদোন্নতির ক্ষেত্রেঃ</u> |
| | | (খ) ৫০% পদ সরাসরি নিয়োগের মাধ্যমেঃ তবে শর্ত থাকে যে, পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে, শূন্য পদসমূহ সরাসরি নিয়োগের মাধ্যমে পূরণ করা যাইবে। | (ক) প্রধান সহকারী, উচ্চমান সহকারী, একাউন্টেন্ট বা সাঁটলিপিকার- কাম-কম্পিউটার অপারেটর পদে অন্যন ৭ (সাত) বৎসরের চাকুরি; এবং (খ) কোন স্বীকৃত বোর্ড হইতে অন্যন উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। <u>সরাসরি নিয়োগের ক্ষেত্রেঃ</u> কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বাণিজ্য বিভাগে অন্যন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ তে স্নাতক বা সমমানের ডিগ্রী; অথবা স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রী।” |

রাষ্ট্রপতির আদেশক্রমে

হেদায়েতুল্লাহ আল মামুন
সিনিয়র সচিব।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক (দায়িত্বপ্রাপ্ত), বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আলমগীর হোসেন (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,

তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www.bgpress.gov.bd